


## সংবাদ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য সৃষ্ট সহকারী শিক্ষক নিয়োগ ২০১৪ এর লিখিত পরীক্ষা আগামী ১৬ অক্টোবর ২০১৫ তারিখ শুক্রবার সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:২০ ঘটিকা পর্যন্ত চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, কুষ্টিয়া, ঝিনাইদহ, সাতক্ষীরা, খুলনা, জামালপুর, নেত্রকোনা, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, পটুয়াখালী, সুনামগঞ্জ, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, ঠাকুরগাঁও, নীলফামারি ও লালমনিরহাট জেলায় একযোগে অনুষ্ঠিত হবে। আগামী ০২/১০/২০১৫ তারিখ থেকে প্রার্থীদের মোবাইলে Message প্রেরণ করা হবে এবং আগামী ০৩/১০/২০১৫ তারিখ থেকে প্রার্থীগণ স্ব-স্ব প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করতে পারবেন। অন্যান্য জেলাসমূহের পরীক্ষা পর্যায়ক্রমে পরবর্তীতে অনুষ্ঠিত হবে। অন্যান্য জেলাসমূহের পরীক্ষার তারিখ, সময় ও যাবতীয় তথ্য পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।

২। লিখিত পরীক্ষায় “পরীক্ষার্থীগণকে প্রবেশপত্র ছাড়া পরীক্ষা কেন্দ্রে কোন বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন ও ভ্যানেটি ব্যাগ, পার্স, ইলেকট্রনিক্স ঘড়ি বা যে কোন ইলেকট্রনিক্স ডিভাইস ইত্যাদি সঙ্গে রাখতে দেয়া যাবে না।” যদি কোন পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তাকে তাৎক্ষণিক বহিষ্কার করা হবে।

৩। উল্লিখিত ২২(বাইশ)টি জেলার প্রার্থীগণ অনলাইনের মাধ্যমে <http://dpe.teletalk.com.bd> এ ওয়েবসাইট হতে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

৪। ওএমআর শীট পূরণের নির্দেশনাবলী এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য ওয়েবসাইট: [www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd) এ পাওয়া যাবে।

  
 (মোঃ আশীয়ারুল হক)  
 পরিচালক  
 (পলিসি ও অপারেশন)  
 ফোন-৫৫০৭৪৯১